# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/আইন/২০২৫/০১৭৫ তারিখ: ২২/০৫/২০২৫খ্রি.

## চুক্তিভিত্তিক আইন উপদেষ্টা নিয়োগ এবং প্যানেল আইনজীবী তালিকাভুক্তির পুনঃ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট আইনগত মতামত প্রদান ও দেশের বিভিন্ন আদালতে মামলা পরিচালনার জন্য ০১ (এক) জন চুক্তিভিত্তিক আইন উপদেষ্টা নিয়োগ এবং ১০ (দশ) জন্য প্যানেল আইনজীবী তালিকাভুক্তির উদ্দেশ্যে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাধীনে অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ এবং আইনজীবীগণের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে;

| ক্রম | পদের নাম | অভিজ্ঞতা |
|---|---|---|
| ১. | আইন উপদেষ্টা- ০১ জন | আইন উপদেষ্টার ক্ষেত্রে অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ অথবা মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে কমপক্ষে ১০ (দশ) বছরের মামলা পরিচালনায় অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত মামলা পরিচালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ২. | প্যানেল আইনজীবী- ০৩ জন (মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে মামলা পরিচালনার জন্য) | মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগে মামলা পরিচালনার কাজে ন্যূনতম ৩- (তিন) বছরের অভিজ্ঞতা। সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্যানেল আইনজীবী হিসেবে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। |
| ৩. | প্যানেল আইনজীবী- ০৭ জন (মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনার জন্য) | মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনার কাজে ন্যূনতম ৮ (আট) বছরের অভিজ্ঞতা। সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্যানেল আইনজীবী হিসেবে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। |

শর্তসমূহ:

১. আইন উপদেষ্টা এবং প্যানেল আইনজীবীগণ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত হারে চুক্তি মোতাবেক সম্মানী/ফী প্রাপ্য হবেন।
২. নির্বাচিত প্রার্থী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট কোন মামলায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বিপক্ষে নিয়োজিত হতে পারবেন না।
৩. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিকভাবে ০২ (দুই) বছরের জন্য তালিকাভুক্ত করা হবে। তবে সন্তোষজনক কর্মসম্পাদন সাপেক্ষে কর্তৃপক্ষ উক্ত মেয়াদ বর্ধিত করতে পারবেন।
৪. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iau.edu.bd তে প্রকাশিত নির্ধারিত ফরম এ আবেদন করতে হবে।
৫. ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
৬. এতদসংক্রান্ত বিষয়ে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।
৭. অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
৮ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র অথবা চুক্তিভিত্তিক নিয়োগ/তালিকাভুক্তি কার্যক্রম পরিবর্তন/সংশোধন/বাতিল ও পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।
৯. সাক্ষাৎকারের জন্য আবেদনকারীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১০. আগামী ২২ জুন, ২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদন পৌঁছাতে হবে।

মাননীয় ভাইস-চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২২/৫/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
মোবাইল- ০১৭০৫-৪০৮০০১
email: iauregistr@gmail.com